যুগান্তর

তারিখ: 19 JUL 2013
পৃষ্ঠা: ১৭ কলাম: ২

# অনার্সে গ্রেডিং পদ্ধতি বাতিলের দাবিতে সারাদেশে শিক্ষার্থীদের বিক্ষোভ

**ফলাফল পুনর্মূল্যায়নের দাবি**

যুগান্তর ডেস্ক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত অনার্স প্রথম বর্ষ পরীক্ষার ফলাফল পুনর্মূল্যায়নের দাবিতে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় কলেজের ২০১০-১১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা বিক্ষোভ করেছে। শিক্ষার্থীরা পার্ট-১ ও পার্ট-২ পরীক্ষায় গ্রেডিং পদ্ধতি বাতিলের দাবি জানায়।

**নওগাঁ :** নওগাঁয় মানববন্ধন কর্মসূচি পালন করেছে শিক্ষার্থীরা। বুধবার বেলা সাড়ে ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত শহরের মুক্তির মোড়ের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন পালিত হয়। মানববন্ধন শেষে শহরের প্রধান সড়ক প্রায় আধাঘণ্টা অবরোধ করে রাখে আন্দোলনরত শিক্ষার্থীরা।

**ভোলা :** ভোলায় অনার্স শিক্ষার্থীরা বৃহস্পতিবার সড়ক অবরোধ করে বিক্ষোভ সমাবেশ করে। পরে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেয় তারা। শিক্ষার্থীরা শহরেও বিক্ষোভ মিছিল করে। দাবি পূরণ না হওয়া পর্যন্ত ক্লাসে না ফেরারও ঘোষণা দেয় তারা।

**ময়মনসিংহ :** ময়মনসিংহে মানববন্ধন ও সমাবেশ করেছে আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষার্থীরা। বৃহস্পতিবার সকালে কলেজ ক্যাম্পাসে ঘণ্টাব্যাপী মানববন্ধনকালে শিক্ষার্থীরা সেশনজট নিরসন ও রেজাল্ট পুনর্মূল্যায়নের দাবি জানান। এ সময় বক্তব্য রাখেন রাকিবুল ইসলাম রাকিব, সোহেল রানা, সাওয়ার জাহান, তরিকুল ইসলাম স্বপন, সজল, উজ্জ্বল, মিনহাজ উদ্দিন ও ইমন।

**গাইবান্ধা :** বৃহস্পতিবার গাইবান্ধায় এক মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। ভুক্তভোগী শিক্ষার্থীদের উদ্যোগে আয়োজিত গাইবান্ধা সরকারি কলেজের অধ্যক্ষের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত ওই কর্মসূচিতে কলেজের শতাধিক ছাত্র-ছাত্রী অংশ নেয়। মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন নিগার ইয়াসমিন শিল্পী, বজলুর রহমান, পরমানন্দ দাস, ভুক্তভোগী শিক্ষার্থী শাহিন আলম, কৃষ্ণ চন্দ, শওকত মাহমুদ, বিপ্লব মিয়া, জেসমিন আক্তার, শাহীন আরা মিনা, জাহেদা বেগম প্রমুখ। মানববন্ধন শেষে একটি বিক্ষোভ মিছিল কলেজ ক্যাম্পাস প্রদক্ষিণ করে অধ্যক্ষকে তার কার্যালয়ে অবরুদ্ধ করে রাখে। অধ্যক্ষ জাহিদুল ইসলাম সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিলে অবরোধ তুলে নেয় শিক্ষার্থীরা।

**দিনাজপুর :** দিনাজপুর সরকারি কলেজের অনার্স বিভাগের ২০১০-২০১১ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীরা বৃহস্পতিবার মানববন্ধন কর্মসূচি পালন করে। দিনাজপুর প্রেস ক্লাবের সামনে অনুষ্ঠিত মানববন্ধনে শতাধিক ছাত্র-ছাত্রী অংশ নেয়।

শিক্ষার্থীরা দিনাজপুর সরকারি কলেজের অধ্যক্ষের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবরে একটি স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে উল্লেখ করা হয়, ২০১০-২০১১ সেশনে অংশ নেয়া প্রায় ২ হাজার শিক্ষার্থী কেবল একটি বিষয়ে কৃতকার্য হয়েছে। তারা দ্বিতীয় বর্ষে উত্তীর্ণ হতে পারবে না। অথচ ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে এক বিষয়ে কৃতকার্য শিক্ষার্থীদের দ্বিতীয় বর্ষে উত্তীর্ণ হওয়ার সুযোগ ছিল। কিন্তু এবার ওই সুযোগ না থাকায় তারা দ্বিতীয় বর্ষে উত্তীর্ণ হতে পারছে না।

**কুড়িগ্রাম :** কুড়িগ্রাম সরকারি কলেজের শিক্ষার্থীরা বৃহস্পতিবার সকালে বিক্ষোভ-মিছিল, সমাবেশ ও মানববন্ধন কর্মসূচি পালন করে। এ সময় শিক্ষার্থীরা ৩৩ নম্বরে পাস, ২য় বর্ষে অটো প্রমোশন, গ্রেডিং প্রথা বাতিল করে ডিভিশন প্রথা চালুকরণসহ ৯ দফা দাবি জানায়।

মিছিলটি কুড়িগ্রাম সরকারি মহাবিদ্যালয় থেকে বের হয়ে শহরজুড়ে প্রদক্ষিণ করে মহাবিদ্যালয়ের বটতলায় এসে শেষ হয়। সেখানে ইউনুস আলীর সভাপতিত্বে বক্তব্য রাখেন অনার্স প্রথম বর্ষের ছাত্র মাইদুল ইসলাম, ২য় বর্ষের ছাত্র ইউসুফ আলী, ছাত্রনেতা আতিকুর রহমান আতিক, মৌসুমী রহমান বৃষ্টি ও গৌতম কুমার প্রমুখ।